# স্নাতকোত্তর পরীক্ষা ২০১৭

## বাংলা

### সেমেস্টার : ৪ : কোর্স : ৩

### বিশেষ পত্র : বিংশ শতাব্দীর বাংলা কথাসাহিত্য

**সময় : ৩ ঘণ্টা** **পূর্ণমান : ৪০**

**প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত**

**১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও**

**একক - ১**

১। ‘সুন্দরম্’ গল্পের কৈলাস ডাক্তার চরিত্রের মাধ্যমে মধ্যবিত্তের মিথ্যাচার, সংস্কারাচ্ছন্নতা ও সৌন্দর্যবিলাসকে তিরস্কার করেছেন গল্পকার— আলোচনা করো। ১০

২। ‘টোপ’ গল্পের কেন্দ্রীয় ও আকর্ষণীয় চরিত্র রাজাবাহাদুর। তাঁর ‘বিচিত্র শিকারকাহিনী’ বর্ণনা করেছেন গল্পের কথক। এই গল্পে এই দুই চরিত্রের ভূমিকা বিশ্লেষণ করো। ১০

৩। ‘বনতুলসী’ গল্পে একটি প্রতিপাদ্য বিষয়কে গল্প কথকের অভিজ্ঞতার আলোয় প্রমাণ করা হয়েছে।— গল্প অবলম্বনে বিষয়টি আলোচনা করো। ১০

**একক - ২**

৪। ‘রাইচরণের বাবরি’ গল্পে ‘বাবরি’ কীভাবে চরিত্র হয়ে উঠেছে তা বুঝিয়ে দাও। ১০

৫। ‘ডিটেলের ও উপমার অসাধারণ প্রয়োগে মতি নদীর গল্পগুলি অন্য মাত্রা লাভ করেছে।’— পাঠ্য গল্প অবলম্বনে মন্তব্যটি বিচার করো। ১০

৬। ‘নক্‌শাল আন্দোলনের প্রত্যক্ষ পটভূমিতে ‘‘শবাগার’’ গল্পটি রচিত হলেও মনোবিকলন ও রিরংসা এই গল্পের প্রধান বিষয় হয়ে উঠেছে।’— আলোচনা করো। ১০

**একক - ৩**

৭। ‘অশোকবন’ গল্পে যুবমাজের অবক্ষয়ের চিত্রায়ণের অন্তরালে বয়ে চলে লেখকের জীবনমুখী ভাবনা।— বিশ্লেষণ করো। ১০

৮। তোমাদের পাঠ্য গল্পগুলি অবলম্বনে দীপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের রচনারীতির বৈশিষ্ট্য আলোচনা করো। ১০

৯। ‘পুঁজির বিকাশের বিপ্রতীপে শ্রমিকের ব্যক্তিস্বাতন্ত্র্য খর্ব হলেও ‘ঢোল সমুদ্র’ গল্পে সংস্কারমুক্ত নতুন প্রহ্লাদের জন্মের ইতিবাচক দিক গল্পের শেষে আছে’— আলোচনা করো। ১০

১০। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

(ক) ‘অযান্ত্রিক’ কোন্ গল্পগ্রন্থের অন্তর্ভুক্ত ? গ্রন্থটি কবে প্রকাশিত হয় ?

(খ) ‘হাড়’ এবং ‘টোপ’ কোন্ কোন্ গল্পগ্রন্থের গল্প ?

(গ) ‘গিরগিটি’ গল্প প্রথম কোন্ পত্রিকায় কত সালে প্রকাশিত হয়েছিল ?

(ঘ) ‘এক অশ্চর্য দেশ থেকে যেন ফিরে এসেছে ফেলার মা।’— কে বলেছে ? আশ্চর্য দেশটি কী ?

(ঙ) ‘যুবাটি মরিতেছিল।’— কার কথা বলা হয়েছে ? কেন একথা বলা হয়েছে ?

(চ) ‘তেজি, জাত ঘোড়া বুকে পা তুলে যেমন লাফিয়ে ওঠে!’— কে বলেছে ? এর প্রতীকী অর্থ কী ?